

পরীক্ষা

বুয়েটে ভর্তিতে প্রাক-নির্বাচনী পরীক্ষা আজ, পরীক্ষার্থী ১৭ হাজার

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার প্রাক-নির্বাচনী (প্রাথমিক বাছাই) পরীক্ষা আজ শনিবার অনুষ্ঠিত হবে। এরই মধ্যে ভর্তি পরীক্ষার্থীদের আসনবিন্যাস প্রকাশ করা হয়েছে।

বুয়েটে স্নাতকে ভর্তি পরীক্ষা হবে দুই ধাপে। এর মধ্যে প্রাক-নির্বাচনী পরীক্ষা দুই শিফটে অনুষ্ঠিত হবে আজ। এই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ১৮ জুন চূড়ান্ত ভর্তি পরীক্ষায় অংশ নেবেন।

বিজ্ঞাপন

এর আগে প্রাক-নির্বাচনী পরীক্ষার যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করা শিক্ষার্থীদের মধ্য থেকে ১৭ হাজার ৩৩ জন প্রাক-নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাচ্ছেন। প্রাক-নির্বাচনী পরীক্ষায় প্রথম শিফটে ৮ হাজার ৫১৭ এবং দ্বিতীয় শিফটে ৮ হাজার ৫১৬ শিক্ষার্থী পরীক্ষা দেবেন।

By using this site, you agree to our Privacy Policy. OK

৪ জুন প্রাক-নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে শিফট-১ 'ক' ও 'খ' গ্রুপে সকাল ১০টা থেকে বেলা ১১টা এবং শিফট-২ 'ক' ও 'খ' গ্রুপে বেলা ৩টা থেকে বিকেল ৪টা পর্যন্ত পরীক্ষা হবে।

ভর্তির বিজ্ঞপ্তির তথ্যমতে, মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের নামের তালিকা প্রকাশের সর্বশেষ তারিখ ১১ জুন। মূল ভর্তি পরীক্ষা হবে ১৮ জুন।

গত ১৬ এপ্রিল সকাল ১০টা থেকে অনলাইনের মাধ্যমে বুয়েটের স্নাতক ভর্তির প্রাথমিক আবেদন শুরু হয়। আবেদন চলে ২৫ এপ্রিল বেলা ৩টা পর্যন্ত। মুঠোফোন বা অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে আবেদন ফি ২৬ এপ্রিল বেলা ৩টা পর্যন্ত জমা দেন শিক্ষার্থীরা। 'ক' গ্রুপে (প্রকৌশল ও বিভাগগুলো এবং নগর ও অঞ্চল-পরিকল্পনা বিভাগ) আবেদন, প্রাক-নির্বাচনী ও মূল ভর্তি বাবদ ১ হাজার টাকা এবং 'খ' গ্রুপে (প্রকৌশল ও বিভাগগুলো, নগর ও অঞ্চল-পরিকল্পনা বিভাগ ও স্থাপত্য বিভাগে) ১ হাজার ২০০ টাকা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ফি দিয়ে এ প্রক্রিয়া সম্পন্ন করেন শিক্ষার্থীরা।

আসনসংখ্যা

পার্বত্য চট্টগ্রাম এবং অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতিগোষ্ঠীভুক্ত প্রার্থীদের প্রকৌশল বিভাগ এবং নগর ও অঞ্চল-পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি, স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ মোট আসনসংখ্যা ১ হাজার ২৭৯।

পরীক্ষার নম্বর

প্রাক-নির্বাচনী পরীক্ষা দুই শিফটে হবে। 'ক' ও 'খ' গ্রুপের জন্য মোট ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষা অনুষ্ঠিত হবে। সময় এক ঘণ্টা। প্রথম শিফটের পরীক্ষা সকাল ১০টায় ও দ্বিতীয় শিফটের পরীক্ষা বেলা ৩টায় শুরু হবে। এ পরীক্ষায় নেগেটিভ মার্কিং করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে প্রশ্নের মানের ২৫% কেটে নেওয়া হবে। ১১ জুন মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের নাম প্রকাশ করবে বুয়েট। ১৮ জুন বুয়েটের মূল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষায় রয়েছে সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত মডিউল-এ 'ক' ও 'খ' গ্রুপের জন্য গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন। বেলা ২টা থেকে সাড়ে ৩টা পর্যন্ত মডিউল-বি 'খ' গ্রুপের মুক্তহস্ত অঙ্কন এবং দৃষ্টিগত ও স্থানিক দীর্ঘশক্তি। এরপর আগামী ৬ জুলাই নির্বাচিত ও অপেক্ষমাণ প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২২ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy. OK